

শ্মশানে জাগিছে শ্যামা, অন্তিমে সন্তানে নিতে কোলে।
জননী শান্তিময়ী বসিয়া আছে
ঐ চিত্র আগুন ঢেকে প্লেহ-আঁচলে ॥
সন্তানে দিতে কোল ছাড়ি সুখ-কৈলাস
বরাভয় রূপে মা শ্মশানে করেন বাস।
কি ভয় শ্মশানে শান্তিতে যেখানে ঘুমাবি জননীর চরণ-তলে ॥
স্বলিয়া মরিগি কে সংসার-স্বালায়,
তাহারে ডাকিছে মা কোলে আয় কোলে আয়
জীবনে শান্ত ওরে ঘুম পাড়াইতে তোরে
কোলে তুলে নেয় মা মরণের ছলে ॥